

# Official Spokesperson's response to media queries regarding recent statement by General Secretariat of the OIC

June 06, 2022

## ওআইসি-র সাধারণ সম্পাদকের সাম্প্রতিক বিবৃতির প্রসঙ্গে সংবাদ মাধ্যমের প্রশ্নের জবাবে সরকারি মুখপাত্রের প্রতিক্রিয়া

জুন 06, 2022

ওআইসি-র সাধারণ সম্পাদকের সাপতিক বিবৃতির প্রসঙ্গে সংবাদ মাধ্যমের প্রশ্নের জবাবে সরকারি মুখপাত্র অরিন্দম বাগচী বলেছেন:

“ ভারত নিয়ে অর্গানাইজেশন অব ইসলামিক কোঅপারেশন (ওআইসি) -র সেক্রেটারিয়েট থেকে করা বিবৃতিটি আমরা দেখেছি।

ভারত সরকার সার্বিকভাবে ওই অযাচিত এবং সংকীর্ণমনা বিবৃতিকে প্রত্যাখ্যান করছে।

ভারত সরকার প্রত্যেকটি ধর্মের প্রতি সম্পূর্ণ শ্রদ্ধাশীল।

কিছু ব্যক্তিবিশেষ একজন ধর্মীয় ব্যক্তিকে খাটো করে টুইট করেন। ওই মতামত কোনও ভাবেই ভারত সরকারের মতামতের প্রতিফলন নয়। ইতিনধ্যেই প্রাসঙ্গিক সংস্থা দ্বারা ওই ব্যক্তির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হয়েছে।

ওআইসির সচিবালয় দ্বারা এইধরনের উদ্দেশ্য প্রণোদিত, অনুচিত এবং বিভ্রান্তিমূলক মন্তব্য দুর্ভাগ্যজনক। এটা শুধুমাত্র তাদের বিভাজনকামী মানসিকতার বহিঃপ্রকাশ এবং স্বার্থসিদ্ধির জন্য করা হয়েছে।

আমরা ওআইসি সচিবালয়কে অনুরোধ করব তার সাম্প্রদায়িক দৃষ্টিভঙ্গি প্রচার করাকে বন্ধ করতে এবং সকল ধর্ম ও মতের প্রতি সম্পূর্ণ শ্রদ্ধা প্রদর্শন করতে। “

নিউ দিল্লি

জুন 06, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.

